# বাংলাদেশে ধুমকেতু চালাতে চায় প্রযোজক, অনুমতি দিতে ফারুকীকে অনুরোধ



সংগৃহীত ছবি

ওপারের বাংলায় দেব-শুভশ্রী জুটির নতুন ছবি ‘ধূমকেতু’ মুক্তির প্রথম দিন থেকেই দর্শক উন্মাদনায় ভাসছে। ১৪ আগস্ট সকাল থেকেই প্রেক্ষাগৃহে দর্শকের ভিড় উপচে পড়েছে, প্রতিটি শো হাউজফুল চলছে। এই উচ্ছ্বাসের মধ্যে প্রযোজকরা ইতোমধ্যেই বাংলাদেশে সিনেমাটি মুক্তির আগ্রহ প্রকাশ করেছেন।

প্রযোজক রানা সরকার সামাজিক মাধ্যমে লিখেছেন, “বাংলাদেশে ধূমকেতু মুক্তি দিতে আমরা আগ্রহী। বাংলাদেশ সরকারকে অনুরোধ করছি, অগণিত সিনেমাপ্রেমী মানুষের বাংলা সিনেমার প্রতি ভালোবাসাকে সম্মান জানিয়ে আমাদের অনুমতি দিন। মাননীয় উপদেষ্টা মোস্তফা সারওয়ার ফারুকী আমাদের আবেদন মঞ্জুর করুন।”

তিনি আরও জানান, “বাংলাদেশের দেব-শুভশ্রী ফ্যান ও দর্শক বন্ধুদেরও অনুরোধ, সকলে সরকারকে অনুরোধ করুন যেন ছবিটি বাংলাদেশে মুক্তি পায়।”

দুই বাংলায় দেব-শুভশ্রী জুটির জনপ্রিয়তা অতুলনীয়। পূর্বের সব সিনেমা কমার্শিয়ালি সফল হলেও দীর্ঘ ১০ বছর একসঙ্গে কাজ না করলেও দর্শকের ভালোবাসা অটুট রয়েছে। তাই এত বছর পর ‘ধূমকেতু’ মুক্তি পেলে দুই বাংলার দর্শকের উচ্ছ্বাস চোখে পড়ার মতো।

জানা গেছে, মুক্তির প্রথম দুই দিনে সিনেমাটি বক্স অফিসে ৫ কোটির বেশি আয় করেছে, যা একটি অনন্য রেকর্ড হিসেবে ধরা হচ্ছে।

LENS ASIA